**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 19-12-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**PM, Oman :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে অর্ডার অফ ওমান সম্মানে ভূষিত করা হয়েছে। গতকাল মাস্কাটের রাজপ্রাসাদে এক অনুষ্ঠানে ভারত-ওমান সম্পর্কের ক্ষেত্রে ব্যতিক্রমী অবদান এবং দূরদর্শী নেতৃত্বের জন্য ওমানের সুলতান হাইথাম বিন তারিক প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে 'অর্ডার অফ ওমান' পুরস্কারে ভূষিত করেছেন।

দুই দেশের মধ্যে কূটনৈতিক সম্পর্কের ৭০ বছর পূর্তি উপলক্ষে প্রধানমন্ত্রীর ওমান সফরের সময় এই সম্মান প্রদান এই অনুষ্ঠান কৌশলগত অংশীদারিত্বের জন্য বিশেষ তাৎপর্যপূর্ণ।

প্রধানমন্ত্রী এই সম্মাননা দুই দেশের মধ্যে বহু পুরনো বন্ধুত্বের প্রতি উৎসর্গ করেছেন এবং এটিকে ভারতের ১.৪ বিলিয়ন মানুষ এবং ওমানের জনগণের মধ্যে উষ্ণতা এবং স্নেহের প্রতি শ্রদ্ধাঞ্জলি বলে অভিহিত করেছেন।

এর আগে, ভারত ও ওমান আজ ব্যাপক অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তি - CEPA স্বাক্ষরের মাধ্যমে তাদের দ্বিপাক্ষিক অর্থনৈতিক সম্পর্কের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক অর্জন করেছে।

২০ বছর পর এটি ওমানের সঙ্গে দ্বিতীয় মুক্ত বাণিজ্য চুক্তি যা সরাসরি প্রমাণ করে ওমান ভারতকে বন্ধুত্বপূর্ণ দেশ হিসেবে কতটা গুরুত্ব দেয়।

***************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থার প্রতি জনগনের আস্থা দিন দিন বৃদ্ধি পাচ্ছে| বর্তমানে রাজ্যে প্রায় ৮২ শতাংশ মানুষ সরকারি স্বাস্থ্য পরিষেবা গ্রহণ করছেন। যা উন্নত স্বাস্থ্য ব্যবস্থার প্রতিফলন। গতকাল মুক্তধারা অডিটোরিয়ামে আগরতলা সরকারি ডেন্টাল কলেজের তৃতীয় প্রতিষ্ঠা দিবস উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী পুরোনো আই.জি.এম হাসপাতাল ভবনের ভূমিকম্প প্রতিরোধকমূলক সংস্কার ও পুনরুদ্ধার কাজের উদ্বোধন করেন এবং আগরতলা সরকারি ডেন্টাল কলেজ ও আই.জি.এম হাসপাতালের নতুন ভবনের ভূমিপূজন অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানে ডেন্টাল কলেজের বিভিন্ন বর্ষে সাফল্য অর্জনকারী ছাত্রছাত্রীদের হাতে মুখ্যমন্ত্রী স্মারক উপহার এবং শংসাপত্র তুলে দেন।

**************************

**Book Fair :**

৪৪তম আগরতলা বইমেলার মূল ভাবনা হলো “বন্দেমাতরম”। গতকাল আগরতলায় বইমেলা পরিচালন কমিটির সভায় একথা জানান পুর নিগমের মেয়র দীপক মজুমদার। উল্লেখ্য, আগামী দোসরা জানুয়ারি থেকে ১৩ দিনব্যাপী ৪৪তম আগরতলা বইমেলা হাঁপানিয়ার আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে শুরু হবে। চলবে ১৪ই জানুয়ারি পর্যন্ত। তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য জানান, বইমেলায় অংশ নেবার জন্য ইতিমধ্যে ১৬৭টি আবেদনপত্র দপ্তরের কাছে জমা পড়েছে। এবারের বইমেলায় সাংস্কৃতিক অনুষ্ঠানে রাজ্যের ৮ জেলা ও বহির্রাজ্যের ৫ শতাধিক শিল্পী অংশগ্রহণ করবেন| তিনি জানান, এবার বইমেলায় বিভিন্ন বিভাগে ১১টি পুরস্কার দেওয়া হবে।

**************************

**All India Radio :**

তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ডঃ এল মুরুগান লোকসভায় এক প্রশ্নের উত্তরে জানান, বর্তমানে সারা দেশে আকাশবাণীর ৫৯১টি সম্প্রচার কেন্দ্র চালু রয়েছে। এর মধ্যে ২৩০টি স্টেশনে মূল অনুষ্ঠান তৈরি ও সম্প্রচারের জন্য স্টুডিও'র সুবিধা রয়েছে। বাকি ৩৬১টি স্টেশন সম্প্রচারের পরিধি বাড়ানোর জন্য অন্যান্য আকাশবাণী কেন্দ্রের অনুষ্ঠান সম্প্রচার করছে।

***************************

**Plastic Free-Unakoti :**

পরিবেশ বান্ধব "প্ল্যাস্টিক মুক্ত ঊনকোটি অভিযান" গতকাল থেকে গোটা ঊনকোটি জেলাতে শুরু হয়েছে। এই উপলক্ষ্যে ৫0 হাজার বর্জ্য ফেলার বিন স্থাপন করা হয়েছে। এই কর্মসূচি উপলক্ষ্যে গতকাল কৈলাশহরের গৌরনগর বাজারে আয়োজিত অনুষ্ঠানে ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ বলেন, প্ল্যাস্টিক বর্জ্য মুক্ত ঊনকোটি জেলা গঠনে এই ব্যতিক্রমী প্রয়াস। বর্জ্য থেকে প্রক্রিয়াকরণের মাধ্যমে সামগ্ৰী তৈরি করার উদ্যোগ নেওয়া হয়েছে। প্ল্যাষ্টিক মুক্ত ঊনকোটি জেলা গঠনে তিনি সবার সহযোগিতা কামনা করেন। বক্তব্য রাখেন গৌরনগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান মোঃ বদরুজ্জামান, স্বচ্ছ ভারত (গ্ৰামীণ) এর রাজ্য মিশন অধিকর্তা কুন্তল দাস, জেলাশাসক ডক্টর তমাল মজুমদার প্রমুখ।

***************************

**Deepak Majumder – Treatment plant :**

শহরবাসীদের বিশুদ্ধ পানীয় জল পৌঁছে দিতে টাউন বড়দোয়ালির মাস্টার পাড়ায় ৫ দশমিক ৫ এম এল ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট তৈরি করা হবে। গতকাল মাস্টার পাড়ায় প্রস্তাবিত ট্রিটমেন্ট প্ল্যান্ট এলাকা পরিদর্শন করে এই কথা

জানিয়েছেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার। তিনি স্থানীয় ক্লাব প্রতিনিধি, এলাকাবাসী, পুর নিগম ও জল বোর্ডের অফিসারদের সঙ্গে ট্রিটমেন্ট প্ল্যান্ট নিয়ে আলোচনা করেছেন।এই প্ল্যান্ট চালু হলে রামনগর ও বড়দোয়ালি বিধানসভা কেন্দ্রে পানীয় জলের সমস্যা দূর হবে।

***************************

**Blood donation:**

গোমতী জেলার রাধাকিশোরপুর থানায় গতকাল এক স্বেচ্ছায় রক্তদান শিবির হয়। শিবিরে উপস্থিত ছিলেন রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ ও জেলার পুলিশ সুপার ডা: কিরন কুমার কে সহ রাজ্য পুলিশের বিভিন্ন আধিকারিকরা|

এই উপলক্ষে খিলপাড়ার বালক শিশু নিকেতনে শীত বস্ত্র প্রদান করা হয়েছে। রক্তদান শিবিরে প্রায় ৯0 জন রক্তদান করেন ।

***************************

**Weather :**

আজ আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা ছিল| দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৪.৫ ডিগ্রি সেলসিয়াস।

***************************

***************************